

গ্রামীণ ওয়ান : স্কীম টু

গ্রামীণ মিউচুয়াল ফান্ড ওয়ান

বাজেয়াপ্তযোগ্য রিফান্ড অবমুক্তি প্রসংগে

পরিচালকের সাথে জানানো যাচ্ছে যে, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (SEC) কর্তৃক বারংবার গণবিজ্ঞপ্তি প্রকাশ সত্ত্বেও অত্র IPO আবেদনের ক্ষেত্রে একই ব্যক্তির নামে একক বা যৌথ ভাবে দুই এর অধিক সনাক্তকৃত মোট ৩১,৮১৫ (অনাবাসিক ১,৩০০ আবাসিক ৩০,৫১৫) আবেদনের টাকা ১৬,০২,০৫,০০০/- (টাকা ষোল কোটি দুই লক্ষ পাঁচ হাজার) মাত্র বাজেয়াপ্ত যোগ্য হওয়ায় রিফান্ড প্রদান স্থগিত করা হয়। অতঃপর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে এবং সদাশয় কমিশনের মহানুভবতায় সেপ্টেম্বর ৪, ২০০৮ এর নির্দেশনানুযায়ী উপরোক্ত অর্থ অবমুক্ত করতঃ ঐ সকল ৩০,৫১৫ অকৃতকার্য ঘোষিত আবাসিক (RB) আবেদনের অর্থ স্ব স্ব ব্যাংক হিসাবে প্রদান করার ব্যবস্থা নেওয়া হয়েছে যা প্রদত্ত ব্যাংক তথ্য ক্রেডিটমুক্ত থাকা সাপেক্ষে চলতি সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে।

তদরূপ ১,৩০০ অনাবাসিক (NRB) আবেদনের সকল রিফান্ড ওয়ারেন্ট সমূহ AIMS of Bangladesh Limited এর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে আগামী ১০ ও ১১ই সেপ্টেম্বর ২০০৮ তারিখে বিলি করা হবে। অতঃপর অবিলম্বে ওয়ারেন্ট সমূহ আবেদনকারীর স্থানীয় ঠিকানায় প্রাপকের দায়িত্বে ডাকযোগে প্রেরণ করা হবে।

এ ছাড়া মোট ১,২৯৯ আবেদনে কোনরূপ ব্যাংক তথ্য উল্লেখ না থাকায় অতিরিক্ত টাকা ৬৫,০০,০০০/- (টাকা পঁয়ষাট লক্ষ) মাত্র রিফান্ড প্রদান সম্ভব হয় নাই। এরূপ সকল আবেদনকারীদের অতি সত্বর পরিচয় ও স্বীয় ব্যাংকিং তথ্য প্রমানাদি সহ AIMS এর কার্যালয়ে যোগাযোগ করার অনুরোধ করা যাচ্ছে।

ঐ সকল ১,২৯৯ এবং রহিতকৃত ৩১,৮১৫ আবেদনকারীর পূর্ণ তালিকা ওয়েবসাইট : <www.aims-bangladesh.com> এর "Allotment" কলামে প্রকাশ করা হয়েছে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আশা করে যে সম্মানিত আবেদনকারীগণ ভবিষ্যতে এহেন আইন বর্হিত ও অনৈতিক কার্যক্রম থেকে বিরত থাকবেন ; অন্যথায় সমুদয় অর্থ বাজেয়াপ্ত হওয়ার আশংকা থাকবে।

GRAMEEN MUTUAL FUND ONE

Registered Office: AIMS of Bangladesh Ltd, Unique Trade Center (UTC), Level 6
8, Panthopath, Karwanbazar, Dhaka 1215, web site: www.aims-bangladesh.com